

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
আইন-১ অধিশাখা

স্মারক নং- ৪৬.০২০.০০৪.০১.০০. ০৬২.২০১৭ ১৫৫৪


তারিখঃ ২৪-০৩-২০১৭খ্রিঃ

বিষয়ঃ রীট পিটিশন নং-২৬৬৩/২০১৭ বাদী-মোঃ মাহতাব আলী, পিতা- মৃত লুৎফর রহমান, গ্রাম- সামানীপাড়া, উপজেলা-হালুয়াঘাট, জেলা- ময়মনসিংহ ও অন্যান্য - বনাম সরকার ও অন্যান্য।

২০০০ (দুই হাজার)টি ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে নিয়োগের ছাড়পত্র প্রদান সংক্রান্ত ২৮-১১-২০১৬ তারিখের ৭০৪ নং স্মারকাদেশকে চ্যালেঞ্জ করে বাদী কর্তৃক রীট পিটিশন নং-২৬৬৩/২০১৭ দায়ের করা হয়েছে। মহামান্য আদালত ০৬ (ছয়) মাসের জন্য Status quo বজায় রাখার আদেশসহ রুল ইস্যুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ দিয়েছেন। মামলায় এ বিভাগের সচিব মহোদয়কে ১নং বিবাদী, সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়কে ২নং বিবাদী, সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়কে ৩ নং বিবাদী, সচিব, অর্থ বিভাগকে ৪নং বিবাদী এবং বিভিন্ন জেলার ৩৫ জন জেলা প্রশাসককে বিবাদী শ্রেণীভুক্ত করা হয়েছে।

২। এমতাবস্থায়, সরকারের পক্ষে মামলা প্রতিদ্বন্দ্বিতাসহ যাবতীয় কার্যক্রম গ্রহণকরতঃ ঘটনার প্রকৃত বিবরণী (Parawise statement of facts) প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও সংশ্লিষ্ট কাগজাদি সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব অত্র শাখায় প্রেরণ করা না হলে মহামান্য আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ রুলের কপি।

  
(মোহাম্মদ শফিকুল আরিফ)  
উপসচিব (আইন-১)  
☎ ৯৫৪০৯৯৫  
Email: arif6550@yahoo.com

সিনিয়র সহকারী সচিব (ইউনিয়ন পরিষদ-২)  
স্থানীয় সরকার বিভাগ

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গন, ঢাকা।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।